# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**09 JUNE 2026** **7:45—7:55 PM**

---

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ইউরোপীয় সংঘের রাষ্ট্রদূতের সঙ্গে গুয়াহাটিতে দ্বিপাক্ষিক বৈঠক/ এই বৈঠক আসামের জন্য সম্ভাবনার নতুন দুয়ার খুলে দেবে বলে মুখ্যমন্ত্রীর আশা প্রকাশ/

(২) জনগণনার জন্য শিক্ষক বদলির ক্ষেত্রে বিলম্ব হতে পারে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর মন্তব্য/

(৩) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডার আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযানের দশ বছর উপলক্ষে দেশজোড়া উদযাপন কার্যসূচির সূচনা/

এবং

(৪) উত্তর পূর্বাঞ্চলে রাবার শিল্পের আধুনিকীকরণ ও সম্প্রসারণের লক্ষ্যে রাবার বোর্ডের বিভিন্ন উন্নয়নমূলক কার্যসূচি রূপায়ণ/

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ ইউরোপীয় সংঘের রাষ্ট্রদূত হারওয়ে ডেলফিনের সঙ্গে গুয়াহাটীতে দ্বিপাক্ষিক আলোচনায় মিলিত হন ।এই আলোচনায় রাজ্যের মুখ্য সচিব রবি কোটা সহ ইউরোপীয় সংঘের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন ।মুখ্যমন্ত্রী ইউরোপীয় সংঘের প্রতিনিধিদের সঙ্গে আসামে আসা ভারতে অবস্থানরত ইউরোপীয় ব্যবসায়িক প্রতিষ্ঠান সংঘ এফ ই বি আই ইন্ডিয়ার সঙ্গেও ফলপ্রসু আলোচনায় মিলিত হন ।এই আলোচনার সময় একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হয় । ইউরোপের ২৫০ টির ও বেশি প্রতিষ্ঠান এবং ৬ হাজারেরও বেশি ব্যবসায়িক সংযোগকে প্রতিনিধিত্ব করা এফ ই

বি আইʼর সঙ্গে অংশিদ্বারিত্বের মাধ্যমে আসামের যুব শক্তি , কৃষক ও মহিলা উদ্যোমীদের জন্য সম্ভাবনার নতুন দ্বার উন্মোচন হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।সুদক্ষ মানব সম্পদ , শিল্প নীতি এবং অনুকূল পরিবেশের মাধ্যমে আসামে ইতিমধ্যে নবীকরণযোগ্য শক্তি , কৃষি প্রক্রিয়াকরণ সহ ভবিষ্যৎমুখী ক্ষেত্র বিশ্বমানের বিনিয়োগ এবং শিল্পের জন্য আকর্ষণীয় স্থান হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । এর পূর্বে গুয়াহাটীতে ইউরোপীয় সংঘের প্রতিনিধিদের উপস্থিতিতে ‘ব্লু ভ্যালিজ ক্লাস্টার ’শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । এই কর্মশালায় ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে ------------ # বাইট সি এম #

এই কর্মশালায় বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের সচিব , বেলজিয়ামের রাষ্ট্রদূত ,পার্শ্ববর্তী দেশ ভূটানের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন । কর্মশালায় মূলতঃ ‘আসাম রাইজিং - দেশের উত্তরপূর্বাঞ্চলের কৌশলগত প্রবেশদ্বার # চা থেকে চিপস # আসাম থেকে বিশ্বব্যাপী মূল্যশৃঙ্খলা গড়ে তোলা এবং আসাম ২০৩৫ # বিকাশ , উদ্ভাবন ,এবং বহনক্ষম ভবিষ্যতের জন্য যৌথ দৃষ্টিভঙ্গী ’ শীর্ষক বিষয়বস্তুর ওপর আলোকপাত করা হয় । এরপর মুখ্যমন্ত্রী এবং প্রতিনিধিদলটি সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করে ।উল্লেখ্য ব্লু ভ্যালী ক্লাষ্টারের মাধ্যমে ইউরোপের সঙ্গে আসামের বানিজ্য শৃঙ্খল গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

---

রাজ্য মন্ত্রীসভার সদ্য দায়িত্বপ্রাপ্ত ১২ জন মন্ত্রী দায়িত্ব লাভ করার পর নিজ নিজ বিভাগহের কাজকর্ম সম্পাদনের জন্য তৎপরতা আরম্ভ করা সহ অভিভাবক মন্ত্রীরা সংশ্লিষ্ট জেলা সফর করছেন । শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু আগামী দিনে শিক্ষা বিভাগের কর্মসূচী প্রস্তুত করার বিষয় নিয়ে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন । তিনি শিক্ষকদের বদলির পোর্টেল এবং শিক্ষাসেতুর তথ্য বিশ্লেষণ করেন । লোকগণনার জন্য শিক্ষকদের বদলীর ক্ষেত্রে বিলম্ব হতে পারে বলেও তিনি উল্লেখ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে- বিগত বারো বছরে সরকার দেশের যুবক-যুবতী, মহিলা ও কৃষকদের সবলীকরণের ক্ষেত্রে চেষ্টার কোনো ত্রুটি রাখেনি । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন যে- ১৪০ কোটি দেশবাসীর আশীর্বাদ ও আস্থাই সরকারকে উন্নয়নমূলক ও জনকল্যাণমূলক কাজসমূহ করে যাবার ক্ষেত্রে প্রেরণা যুগিয়ে আসছে ।

প্রধানমন্ত্রী শ্রী মোদী আরো বলেন যে- এই অবিরাম চেষ্টার ফলেই দেশ আজ পরিকাঠামো থেকে ডিজিট্যাল বিপ্লব পর্যন্ত- বিশ্বের মঞ্চে নতুন পরিচয় লাভ করেছে । শ্রী মোদী উন্নত ভারতের সংকল্পকে বাস্তবায়িত করতে সরকারকে সেবা, সুশাসন ও সমৃদ্ধির পথে সাহসের সঙ্গে এগিয়ে যেতে হবে বলে পুনরায় উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন এন ডি এ সরকারের বারো বছর সম্পূর্ণ করেছে । ২০২৪ সালের আজকের দিনে শ্রী মোদী একটানা তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছিলেন । তাঁর তৃতীয় কার্যকালে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকার দেশের অর্থনৈতিক বিকাশ, পরিকাঠামো উন্নয়ন, সামাজিক কল্যাণ, কর্মসংস্থান সৃষ্টি এবং বিশ্ব পর্যায়ে দেশের অবস্থানকে আরো সবল করা সহ বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে কাজ করেছে । বিগত বছরগুলিতে উন্নয়নের যাত্রা দ্রুততর করার পাশাপাশি জনসাধারণের জীবন ধারণের মান আরো উন্নত করার লক্ষ্যে বেশকিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ বলেছেন যে- বিগত বারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশে দুঃস্থদের কল্যাণ সাধনের পাশাপাশি অভুতপূর্ব উন্নয়ন মূলক কাজ হয়েছে । শ্রী মোদী একদিনও বিশ্রাম না নিয়ে অবিরতভাবে দেশের জনসাধারণের কল্যাণে কাজ করে যাচ্ছেন বলে শ্রী শাহ্ মন্তব্য করেন ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন যে- প্রধানমন্ত্রী শ্রী মোদীর ভবিষ্যৎদর্শী নেতৃত্বই বিগত বারো বছরে সরকারকে সেবার মনোভাব নিয়ে এগিয়ে যাওয়ায় সহায়তা করেছে । এবং সমাজের প্রতিটি স্তরের উন্নয়ন সম্ভব হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

স্বাধীনতা সংগ্রামী তথা জনজাতীয় নেতা ভগবান বীরসা মুন্ডার মৃত্যুবার্ষিকীতে আজ তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে । উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বীরসা মুন্ডার প্রতি শ্রদ্ধা নিবেদন করে সামাজিক মাধ্যমে এক বার্তায় তাঁর আদর্শ সামাজিক ন্যায় লাভ এবং সর্বাত্মক উন্নয়নের ক্ষেত্রে সমাজকে সর্বদা দিক নির্দেশ করবে বলে উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক বার্তায় ভগবান বীরসা মুন্ডার ত্যাগ এবং সংগ্রামী জীবনকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বীরসা মুন্ডার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তাঁকে জনজাতীয় গৌরব , দেশপ্রেম এবং সাংস্কৃতিক সচেতনতার অমর প্রতীক স্বরূপ বলে অভিহিত করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান- পি এম এস এম'এর দশ বছর উপলক্ষে দেশব্যাপী উদযাপন কার্যসূচির সূচনা করেছেন । এই উপলক্ষে নতুনদিল্লির কর্তব্য ভবনে আজ বিকেলে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে বক্তব্য রাখতে গিয়ে শ্রী নাড্ডা বলেন যে- বিগত দশ বছরে সরকার অবিরত গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য সংক্রান্ত সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে তাদের সবলীকরণের প্রয়াস অব্যাহত রেখেছে । উল্লেখ্য- সরকারের অন্যতম ধ্বজাবাহী কার্যসূচি- পি এম এস এম'এর লক্ষ্য হচ্ছে- সুরক্ষিত গর্ভাবস্থা এবং সুস্থ মাতৃত্ব ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের সকল গর্ভবতী মহিলাকে বিনামূল্যে এবং গুণগত স্বাস্থ্যযত্ন সুনিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৬ সালের ৯ জুন এই কার্যসূচির সূচনা করেছিল। এই উদযাপনের অংশ হিসেবে দেশের রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের গর্ভবতী মহিলা ও তাদের পরিবারসমূহের জন্যে এই প্রকল্পের অধীনে ৯টি বিনামূল্যের সেবা সুনিশ্চিত করার উদ্দেশ্যে সচেতনতামূলক বিভিন্ন কার্যসূচির আয়োজন করা হবে । আজ এই উপলক্ষে ৭৫ টাকা মূল্যের একটি বিশেষ স্মারক মুদ্রা এবং পাঁচ টাকার একটি ডাকটিকিটের আনুষ্ঠানিক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযানের দশম বর্ষপূর্তী উপলক্ষ্যে আজ জেলার বিভিন্ন সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিশেষ গর্ভকালীন স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । জেলায় প্রায় ছয় হাজার গর্ভবতী মহিলা স্বাস্থ্য পরিষেবা গ্রহন করেন । শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকরা গর্ভবতী মহিলাদের পরীক্ষা করেন এবং প্রয়োজন অনুসারে আলট্রাসনোগ্রাফি , পুষ্টি বিষয়ক পরামর্শ এবং উচ্চ ঝুকি গর্ভাবস্থার শনাক্তকরন ও মাতৃ স্বাস্থ্য পরামর্শ প্রদান করেন । স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর মতীন্দ্র সূত্রধর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন যে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান উচ্চ ঝুকিপূর্ন গর্ভাবস্থা শনাক্তকরন এবং মাতৃস্বাস্থ্য পরিষেবা আরো শক্তিশালী করতে বিশেষ ভূমিকা পালন করে আসছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে ডিমা হাসাও জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগেও আজ সব সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযানের দশম বর্ষ পূর্তী বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে ।

উল্লেখ্য গর্ভবতী মহিলাদের বিশেষ করে গর্ভাবস্থার দ্বিতীয় এবং তৃতীয় মাসে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদানের উদ্দেশ্যে ২০১৬ সালে কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান শুরু করেছিল ।

---------------------------------------------------------------------------------

উত্তরপূর্বাঞ্চলের রাবার শিল্পের আধুনিকীকরণ এবং সম্প্রসারণের লক্ষ্যে রাবার বোর্ড বিভিন্ন উন্নয়নমূলক কার্যসূচী রূপায়ন করেছে ।আজ গুয়াহাটীতে কেন্দ্রীয় সরকারের বানিজ্য বিভাগের যুগ্ম সচিব কপিল চৌধুরী এবং রাবার বোর্ডের কার্যবাহী সঞ্চালক এম বসন্তগেসন এই সম্পর্কে সাংবাদিকদের জানান যে রাবার ক্ষেতের সম্প্রসারণ , পরিকাঠামো উন্নয়ন , দক্ষতা বিকাশ এবং মূল্য সংযোজিত শিল্পের প্রসারের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।আসাম , নাগাল্যান্ড এবং মেঘালয়ের বিভিন্ন প্রান্তে ১৭ টি আধুনিক প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করা হয়েছে । এই কেন্দ্রগুলোর মাধ্যমে প্রত্যন্ত ও উপজাতি অধ্যুষিত এলাকা সমুহে তৃণমূল পর্যায়ে প্রক্রিয়াকরণ পরিকাঠামো শক্তিশালী করা যাবে বলে তাঁরা জানান ।প্রতিটি কেন্দ্র স্থাপন করার জন্য ৪০ লক্ষ টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে । এই কেন্দ্রগুলো রাবারের গুণোগত মান উন্নত করা সহ কৃষকদের লোকসান হ্রাস করবে বলে আশা করা হচ্ছে ।এছাড়া বাজারে বিক্রয়ের যোগ্যতা বৃদ্ধি , সমবায় বিপনন ব্যবস্থা শক্তিশালী করা এবং উপজাতি তথা ক্ষুদ্র রাবার চাষিদের সবলীকরণের মাধ্যমে গ্রামীণ নিয়োগের সুযোগ সৃষ্টি করবে বলে রাবার বোর্ডের কার্যবাহী সঞ্চালক জানান ।

---------------------------------------------------------------------------------

অসম রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মাধ্যমে সমগ্র রাজ্যে অত্যাধুনিক সম্পূর্ন দেশীয় জনসর্তকতা ব্যবস্থা অর্থাৎ সেল ব্রডকাষ্ট সিস্টেম- সি বি এস কার্যকর হয়েছে । সি বি এস -এর মাধ্যমে আসন্ন দূর্যোগ সর্ম্পকিত গুরুত্বপূর্ন সময় ও সংবেদনশীল বার্তা নির্ধারিত ভৌগলিক এলাকার অর্ন্তভুক্ত সব মোবাইল ডিভাইসে পাঠানো যাবে । সি বি এস ব্যবস্থা বাস্তবায়নের সময় নাগরিকরা তাদের মোবাইল ডিভাইসে দূর্যোগ সংক্রান্ত জরুরী সর্তকবার্তা পেতে পারেন । জনসাধারণের মধ্যে আতঙ্ক বা বিভ্রান্তি এড়াতে নাগরিকদের অনুরোধ করা হচ্ছে যে- তারা যেন এই ধরনের সর্তকবার্তা পেলে অযথা

আতংকিত না হন । এই সতর্কবার্তাগুলি কেবল মাত্র অনুমোদিত  সরকারী সংস্থাগুলির পক্ষ থেকে প্রকৃত জরুরী পরিস্থিতিতে জারী করা হয় ।

উল্লেখ্য- টেলি যোগাযোগ বিভাগের অধীনে সি-ডট কর্তৃক জাতীয় দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সহযোগিতায় উন্নীত এই ব্যবস্থা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দিষ্ট ভৌগলিক এলাকার সব মোবাইল ফোনে তাৎক্ষনিকভাবে অবস্থানভিত্তিক জরুরী সর্তকবার্তা প্রেরনের সুবিধা প্রদান করে ।
এটি নেটওয়ার্ক জ্যাম এবং যানজটের সময়ও কাজ করে এবং লক্ষ্যযুক্ত এলাকার সব মোবাইল ব্যবহারকারীদের কাছে পৌছায় । নাগরিকদের এই তথ্যটি পরিবারের সদস্যদের সাথে বিশেষ করে বয়স্ক এবং প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারীদের কাছে পৌছে দেওয়ার অনুরোধ করা হয়েছে , যাতে প্রত্যেকে এই সর্তকবার্তাগুলির উদ্দেশ্যে বুঝতে পারেন ।
----------------------------------------------------------------------------------------